

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০১.২৫.২০৮

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩২
১৮ আগস্ট ২০২৫


বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ ও সাক্ষাৎকার সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপে (১) খাদ্য ও কৃষি বিজ্ঞান (২) ভৌতবিজ্ঞান (৩) জীবজীৱজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান ও (৪) নবায়ন গুপে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

০২। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে নিম্নোক্ত কাগজসমূহ সাক্ষাৎকার বোর্ডে দাখিল করতে হবে:

- (ক) সর্বোচ্চ ০৫ পৃষ্ঠার মধ্যে গবেষণা প্রকল্পের সিনোপসিস (০৫ কপি দাখিল করতে হবে);
- (খ) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ;
- (গ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ নীতিমালা অনুযায়ী অন্যান্য যাবতীয় কাগজপত্র।

০৩। সাক্ষাৎকারে অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীগণ কোন ধরনের টিএ/ডিএ প্রাপ্য হবেন না। সাক্ষাৎকার গ্রহণের স্থান ও সময় শীঘ্রই এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।



মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৩৮৩
E-mail:st7@most.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (বিপ্র)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (পাশ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (বিপ্র-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।